

সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩০৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৩৫. মাথা ও দেহের সাথে সংশ্লিষ্ট সুন্নাতসমূহ

بَابُ السُّنَنِ الَّتِي فِي الرَّأْسِ وَالْجَسَدِ

আরবী

نَا مُحَمَّدُ بْنُ مُحَمَّدٍ ، ثنا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْحَسَانِيُّ ، نَا وَكِيعٌ ، عَنْ زَكَرِيَّا ، عَنْ مُصْعَبِ بْنِ شَيْبَةَ ، عَنْ طَلْقِ بْنِ حَبِيبٍ ، عَنْ ابْنِ الزُّبَيْرِ ، عَنْ عَائِشَةَ قَالَتْ : قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - : " عَشْرَةٌ مِنَ الْفِطْرَةِ : قَصُّ الشَّارِبِ ، وَإِعْفَاءُ اللَّحْيَةِ ، وَالسُّوَاكُ ، وَالِاسْتِنْشَاقُ بِالْمَاءِ ، وَقَصُّ الْأَظْفَارِ ، وَغَسْلُ الْبَرَاجِمِ ، وَتَنْفُؤُ الْإِبْطِ ، وَحَلْقُ الْعَانَةِ ، وَانْتِقَاصُ الْمَاءِ " . قَالَ زَكَرِيَّا : قَالَ مُصْعَبٌ : وَنَسِيتُ الْعَاشِرَةَ إِلَّا أَنْ تَكُونَ الْمَضْمَضَةَ . رَوَاهُ خَارِجَةُ ، عَنْ زَكَرِيَّا ، وَقَالَ : وَانْتِقَاصُ الْمَاءِ يَعْنِي : الْإِسْتِنْجَاءَ بِالْمَاءِ . تَفَرَّدَ بِهِ مُصْعَبُ بْنُ شَيْبَةَ ، وَخَالَفَهُ أَبُو بَشْرٍ ، وَسُلَيْمَانُ التَّمِيمِيُّ ، فَرَوَاهُ عَنْ طَلْقِ بْنِ حَبِيبٍ قَوْلَهُ غَيْرَ مَرْفُوعٍ

বাংলা

৩০৯(১). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আয়েশা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ দশটি বিষয় ফিতরাতের (মানব প্রকৃতির) অন্তর্ভুক্তঃ গোঁফ কাটা, দাড়ি লম্বা করা, মেসওয়াক করা, পানি দিয়ে নাক পরিষ্কার করা, নখ কাটা, আঙ্গুলের জোড়াগুলো ধৌত করা, বগলের লোম পরিষ্কার করা, লজ্জাস্থানের লোম পরিষ্কার করা এবং পানি দিয়ে শৌচ করা। যাকারিয়া (রহঃ) বলেন, মুসআব (রহঃ) বলেছেন, আমি দশম বিষয়টি ভুলে গিয়েছি। তবে তা কুলি করা হতে পারে। খারিজা (রহঃ) যাকারিয়ার সূত্রে বর্ণনা করেছেন এবং বলেছেন, 'ইনতিকাসুল মা' অর্থাৎ পানি দিয়ে শৌচ করা। এই হাদীস মুসআব ইবনে শায়বা (রহঃ) এককভাবে বর্ণনা করেছেন এবং আবু বিশর ও সুলায়মান আত-তায়মী (রহঃ) তার বিরোধিতা করেছেন। অতএব তারা উভয়ে এই হাদীস তালক ইবনে হাবীব (রহঃ) থেকে তার বক্তব্য হিসেবে বর্ণনা করেছেন, তবে তা মারফুরাপে নয়।

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিদ্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=80098>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন